তারিখ 24 FEB 2016
পৃষ্ঠা ১৯ কলাম ৫

প্রথম আলো

# পুস্তক বাঁধাই শ্রমিকদের মারধরের অভিযোগ

রাজধানী প্রতিবেদক ●

মজুরি বাড়ানোর দাবিতে আন্দোলন করায় বাংলাবাজার ও সূত্রাপুর এলাকায় পুস্তক বাঁধাই শ্রমিকদের মারধর করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। গত সোমবার রাতে বাংলাবাজারে পুস্তক বাঁধাই ব্যবসায়ী সমিতির কার্যালয়ে একদল ব্যক্তি শ্রমিকদের মারধর করেন।

এদিকে পুস্তক বাঁধাই শ্রমিকদের মারধর করার প্রতিবাদে গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনে প্রতিবাদ সমাবেশ করেছে বাংলাদেশ শ্রমিক কর্মচারী ফেডারেশনের ঢাকা মহানগর শাখা। শ্রমিকদের মারধরের প্রতিবাদে বিবৃতি দিয়েছে গণতান্ত্রিক বাম মোর্চা। এ ছাড়া যৌথ বিবৃতি দিয়েছেন বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতারা।

বাংলাবাজারের শ্রমিকেরা জানান, দিনে আট ঘণ্টা কাজের মজুরি ২৫০ টাকা নির্ধারণের দাবিতে সোমবার দুপুরে সূত্রাপুর থেকে জাতীয় প্রেসক্লাব পর্যন্ত পদযাত্রা করে পুস্তক বাঁধাই শ্রমিক ফেডারেশন। পরে শ্রমিকদের সঙ্গে আলোচনায় বসার আমন্ত্রণ জানান পুস্তক বাঁধাই ব্যবসায়ী সমিতির নেতারা। সন্ধ্যায় শ্রমিক ফেডারেশনের সদস্যসচিব মানিক হোসেন ও সদস্য মনির হোসেন সমিতির কার্যালয়ে গেলে তাঁদের মারধর করা হয়। এ ছাড়া পদযাত্রায় অংশগ্রহণ করায় গতকাল শ্যামবাজার ও কাগজীটোলার বিভিন্ন কারখানায় গিয়ে কয়েকজন শ্রমিককে মারধর ও হুমকি দেওয়া হয়। গতকাল সমাবেশে বক্তারা বলেন, আলোচনার কথা বলে শ্রমিকদের ডেকে এনে মারধর করার ঘটনা নজিরবিহীন।

অভিযোগ অস্বীকার করে পুস্তক বাঁধাই ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক কামরুজ্জামান বলেন, কিছুদিন আগে মজুরি বাড়ানোর দাবিতে কাজ বন্ধ করে দিয়েছিল 'মহানগর পুস্তক বাঁধাই শ্রমিক ইউনিয়ন' নামের আরেকটি সংগঠন। পরে ১৫ টাকা বাড়ানো হয়েছে।